গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলী এর কার্যালয়
পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড়।

কৃষিই মসৃদ্ধি
☎ ০২৫৮৯৯৪১৯৫০
ই-মেইল : xen_panchagar@bmda.gov.bd

স্মারক নং ঃ বিএমডিএ/নিঃপ্রঃ/পঞ্চঃ/শুদ্ধাঃ/২০২৪-২৫/৯৯১

তারিখঃ ০২/০৭/২০২৫

বিষয় ঃ জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র ঃ ০২/০৭/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সিদ্ধান্ত।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিএমডিএ, পঞ্চগড় রিজিয়ন এর জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন/২০২৫) অগ্রগতির প্রতিবেদনের উপর অদ্য ০২/০৭/২০২৫ খ্রিঃ তারিখে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। নৈতিকতা কমিটির সভায় কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত ঃ কার্যবিবরণী- ০১ (এক) পাতা।

02/07/25

(প্রকৌঃ মোঃ ফরিদুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড়।

অবগতির জন্য অনুলিপিঃ

১। জনাব মোঃ শহীদুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বিএমডিএ, বোদা/পঞ্চগড়/দেবীগঞ্জ জোন, পঞ্চগড়।
২। জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী, বিএমডিএ, আটোয়ারী জোন, পঞ্চগড়।
৩। জনাব আবু মোঃ আব্দুল্লাহ হোসেন, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএমডিএ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড়।
৪। জনাব মোঃ মিজানুর রহমান, কম্পিউটার অপারেটর, বিএমডিএ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড়।
৫। অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। নির্বাহী পরিচালক, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, ঠাকুরগাঁও সার্কেল, ঠাকুরগাঁও।

# বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলী'র কার্যালয়
পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড়।

বিষয়ঃ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড় এর ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন/২০২৫) "নৈতিকতা কমিটি'র" সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| তারিখ | : ২ জুলাই,২০২৫ |
| সময় | : বেলা ১০:৩০ ঘটিকা |
| স্থান | : নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড় অফিস কক্ষ। |
| সভাপতি | : জনাব মোঃ ফরিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড়। |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' হিসেবে এসাথে সংযুক্ত করা হলো।

সভার শুরুতে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির সভাপতি জনাব মোঃ ফরিদুল ইসলাম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কায়ক্রম শুরু করেন। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড় এর ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন/২০২৫) "নৈতিকতা কমিটি'র" অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। নৈতিকতা কমিটির সদস্য জনাব আবু মোঃ আব্দুল্লাহ হোসেন, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, সদস্য সচিব জনাব মোঃ মিজানুর রহমান, কম্পিউটার অপারেটর, ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং প্রতিবেদন চূড়ান্তকরণের বিষয়ে সভায় একমত পোষন করেন।

শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যাতে নির্ধারিত সময়ের মধ্যে অর্জিত হয় সে বিষয়ে সভাপতি সকলের সহযোগীতা কামনা করেন। সকল সদস্য এ বিষয়ে সচেষ্ট থাকবেন বলে সভায় মতামত ব্যক্ত করেন। সভাপতি আরো জানান যে, ২০২৪-২৫ কর্ম-পরিকল্পনার সূচক বাস্তবায়নের জন্য যে সকল কর্মকর্ত/কর্মচারী-কে দায়িত্ব দেয়া হয়েছে তাঁদেরকে পত্র দ্বারা অবহিত করার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে অনুরোধ জানান। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান যে, প্রতিবেদন চুড়ান্ত/স্বাক্ষর হওয়ার পর তা কৃষি মন্ত্রণালয়ে প্রেরনসহ কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নেয়া যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

১। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড় এর ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন/২০২৫) প্রতিবেদন চুড়ান্ত করা হলো। প্রতিবেদনটি কৃষি মন্ত্রণালয়ে প্রেরনসহ কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২/০৭/২৫

(প্রকৌঃ মোঃ ফরিদুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
ও
সভাপতি, শুদ্ধাচার নৈতিকতা কমিটি।

F:\BMDA Section\শুদ্ধাচার-\Shudhachar for-2024-25\Shudhachar for 4thqr-24-25\জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-(এপ্রিল-জুন-২০২৩).docx-9